গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, ময়মনসিংহ
হোল্ডিং-১৭/৭ (৩য় তলা), ওয়ার্ড-০৭, বিশ্বেশরী দেবী রোড, জুবিলীঘাট, ময়মনসিংহ
www.bfsa.mymensingh.gov.bd

# ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, ময়মনসিংহ এর কার্যক্রম

## খাদ্য স্থাপনা মনিটরিং:

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় মোট ৯৪ টি হোটেল/রেস্তোরা, বেকারি ও বিভিন্ন খাদ্য স্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। তন্মধ্যে ৭৯ টি হলো হোটেল/রেস্টুরেন্ট ও ১৫ টি হলো মিষ্টি, বেকারি ও খাদ্যস্থাপনা। উক্ত মনিটরিং কার্যক্রমে খাদ্য তৈরির সাথে সংশ্লিষ্ট ব্যাক্তিদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রাথমিক ধারণা প্রদান করা হয়। তাদেরকে পরিষ্কার পরিচ্ছন্নতা, কিভাবে খাদ্য নিরাপদ উপায়ে তৈরি করা যায়, বাসি ও পচা খাবার নির্দিষ্ট স্থানে রাখতে, রান্না ঘর নিয়মিত ধোয়া মুছা করতে, খাবার পরিবেশনের সময় মাথায় টুপি, এপ্রোন পরিধান করতে, রান্নাঘরে কফ, থুথু, ধুমপান করা থেকে বিরত থাকতে, নিরাপদ খাদ্য আইন-২০১৩ অবহিতকরণসহ বিভিন্ন প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়ে থাকে।

## খাদ্যকর্মী প্রশিক্ষণ:

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় অবস্থিত বিভিন্ন হোটেল, বেকারি ও খাদ্য স্থাপনায় কর্মরত খাদ্য কর্মী, মালিক, ম্যানেজার সহ মোট ১৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ গুলো জেলা প্রশাসকের কার্যালয়, ফুড পার্ক, শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন, নবাবী রেস্টুরেন্ট ও নিরাপদ খাদ্য অফিসারের কার্যালয়ে সম্পন্ন হয়। উক্ত প্রশিক্ষণার্থীদের প্রজেক্টরের মাধ্যমে বিভিন্ন তথ্য চিত্র উপস্থাপন, খাদ্য অনিরাপদ উপায়ে তৈরি করলে কি কি সমস্যা হবে, কেন নিরাপদ ভাবে খাদ্য সংরক্ষণ করতে হবে, খাদ্যকর্মীদের কেন স্বাস্থ্যবিথি মেনে চলতে হবে, নিরাপদ খাদ্য আইন মেনে চলতে হবে, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ না মানলে কি কি শাস্তির বিধানসহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়।

## জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন:

ময়মনসিংহ জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০২টি সভা আয়োজন করা হয়েছে।

## নমুনা সংগ্রহ:

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলা হতে মোট সাত (০৮) টি নমুনা সংগ্রহ করা হয়ে থাকে। বাজার মনিটরিং করতে গিয়ে বিভিন্ন সময় কোমল পানীয়, আচার, আইসললি, সস, পাউরুটি, চকলেট ও জুসের নমুনা সংগ্রহ করে তা পরীক্ষাগারে প্রেরণ করা হয়।

## দিবস উদযাপন:

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় গত ০২ ফেব্রুয়ারি ২০২১ সালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়। উক্ত দিবসের প্রতিপাদ্য ছিল, সুসাস্থ্যের মূলনীতি, নিরাপদ খাদ্য ও স্বাস্থ্যবিধি। উক্ত দিবসে ময়মনসিংহ জেলায় বিভিন্ন স্থানে ব্যানার, ফেস্টুন, বিলবোর্ড ও সচেতনতামূলক পোস্টার দিয়ে মোড়ানো হয়ে থাকে। উক্ত দিবসে উপস্থিত ছিলেন মান্যবর জেলা প্রশাসকসহ বিভিন্ন মহলের সরকারি কর্মকর্তা ও খাদ্য ব্যবসা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

## বিশ্ব নিরাপদ খাদ্য দিবস উদযাপন:

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় গত ০৭ জুন, ২০২২ খ্রি. সালে সম্মেলন কক্ষ (২য় তলা), বিভাগীয় কমিশনারের কার্যালয় বিশ্ব নিরাপদ খাদ্য দিবস পালিত হয়। উক্ত দিবসের প্রতিপাদ্য ছিল, সুসাস্থ্যের মূলনীতি, নিরাপদ খাদ্য ও স্বাস্থ্যবিধি।

উক্ত দিবসে উপস্থিত ছিলেন মান্যবর বিভাগীয় কমিশনারসহ বিভিন্ন মহলের সরকারি কর্মকর্তা ও খাদ্য ব্যবসা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। বিশ্ব নিরাপদ খাদ্য দিবসে র‍্যালি অনুষ্ঠিত হয়।

**দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সমন্বয় সভা আয়োজন:**

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলার দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে চার (৮) টি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভিন্ন উপজেলা থেকে পরিদর্শকগণ অংশগ্রহণ করে নিরাপদ খাদ্য অফিসারের সাথে বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করেন।

## Safe Food Plan:

বিসিক শিল্প নগরী ময়মনসিংহ অবস্থিত রয়েল বেকারিকে কে গত ২১-১০-২১ ইং তারিখে Safe Food Plan অন্তর্ভুক্ত করা হয়। উক্ত প্রতিষ্ঠানটিকে পর্যবেক্ষণ করে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করার মাধ্যমে ময়মনসিংহ জেলায় নিরাপদ খাদ্য প্রতিষ্ঠান হিসেবে পরিকল্পনা করা হয়।

**উঠান বৈঠক:**

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ গ্রামীণ মহিলাদের নিয়ে দুই (০২) টি উঠান বৈঠকের আয়োজন করা হয়। উক্ত বৈঠকে গ্রামীণ মহিলাদের খাদ্য নিরাপদ রাখার ৫টি চাবিকাঠি, নিরাপদ খাদ্যের প্রয়োজনীয়তা, রান্নাঘরের পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপদ পানি দিয়ে খাবার তৈরি করা সহ নানাবিধ দিক তুলে ধরা হয়।

**পিছিয়ে পড়া শিশুদের নিয়ে জাতির পিতার জন্মদিন উদযাপন:**

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ ভালুকা উপজেলায় হবিরবাড়ি মুসলিম এতিমখানায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনে পিছিয়ে পড়া শিশুদের নিয়ে কেক কেটে দিবসটি পালিত হয়। উক্ত দিবসে ৪০ জন শিশু কিশোর কে বিভিন্ন নিরাপদ খাদ্যের লিফলেট কোভিড সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়।

**স্কুল সেমিনার:**

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও জিলা স্কুল এ নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক স্কুল সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে ছাত্র-ছাত্রীদের বাইরের খোলা খাবার না খেতে, খাবার খাওয়ার সময় নিরাপদভাবে তৈরিকৃত খাবার গ্রহণ করতে, ঝালমুড়ি, ফুচকা, আচার ও কোমল পানীয় ইত্যাদি খাবার থেকে বিরত থাকতে এবং নিরাপদ খাদ্যের সচেতনতামূলক লিফলেট ও কোভিড সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়।

**মুক্তির উৎসব ও সুবর্ণ জয়ন্তী মেলা:**

স্বাধীনতার পঞ্চাশ (৫০) বছর উপলক্ষ্যে মুক্তির উৎসব ও সুবর্ণ জয়ন্তী মেলা সার্কিট হাউস প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। উক্ত উৎসবে স্টলে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ লিফলেট, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ পোস্টার, সচেতনতামূলক টিভিসি প্রোজেক্টরের মাধ্যমে প্রদর্শন করা হয়। মেলায় আগত দর্শনার্থীদের খাদ্য ভেজাল রোধে প্রতিবাদী ভুমিকা রাখতে বলা হয়। খাদ্য এ বিভিন্ন রং মিশ্রিত না করতে সর্বোপরি নিরাপদ খাদ্য নিরাপদভাবে গ্রহণ করতে এবং কোন অভিযোগ থাকলে ৩৩৩ কলে করে জানানোর অনুরোধ করা হয়।

**সচেতনতামূলক মাইকিং কার্যক্রম:**

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় সকল উপজেলায় নিরাপদ খাদ্য বিষয়ক সচেতন করতে মাইকিং কার্যক্রম পরিচালনা করা হয়। মাইকিং কার্যক্রমটি ০৯ দিন ধরে বিভিন্ন উপজেলায় বিভিন্ন বাজারে গিয়ে সচেতনতামূলক লিফলেট প্রচারের মাধ্যমে এ কার্যক্রমটি পরিচালনা করা হয়।

**অনলাইন মনিটরিং (নজর) কার্যক্রম:**

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর বার্ষিক কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর উদ্ভাবনী উদ্যোগ ''সারিন্দা রেস্টুরেন্ট অ্যাপ ভিত্তিক অনলাইন মনিটরিং (নজর) সম্পসারণ" কার্যক্রম অনুযায়ী ময়মনসিংহ জেলার সারিন্দা রেস্টুরেন্ট, সি.কে ঘোষ রোড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ-এ অনলাইন মনিটরিং এর লক্ষে ০৭/১২/২০২১ খ্রি. তারিখে ০৩টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সারিন্দা রেস্টুরেন্ট পরিদর্শন পূর্বক রেস্টুরেন্ট মালিক, ম্যানেজার ও কর্মীদের নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর সার্বিক দিক নিয়ে আলোকপাত করা হয় এবং যথাযথভাবে আইন প্রতিপালন করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

## গ্রেডিং প্রদানে খাদ্য স্থাপনা/ হোটেল রেস্তোরাঁ তালিকা প্রস্তুতকরণ:

রেস্টুরেন্ট পরিদর্শন পূর্বক রেস্টুরেন্ট মালিক, ম্যানেজার ও কর্মীদের নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর সার্বিক দিক নিয়ে আলোকপাত করা হয় এবং যথাযথভাবে আইন প্রতিপালন করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। ময়মনসিংহ জেলাস্থ ৪টি রেস্টুরেন্ট এ গ্রেডিং প্রদান করা হয়। ( আভন্তী এরোমা- A গ্রেড, নবাবী রেস্তোরাঁ- A গ্রেড, সারিন্দা রেস্টুরেন্ট- B গ্রেড, স্যাফ্রন রেস্টুরেন্ট- B গ্রেড প্রাপ্ত হয়)

## ঝুকিপূর্ণ খাদ্য তালিকা প্রস্তুতকরণ:

গত ২০২১-২২ অর্থবছরে ময়মনসিংহ জেলায় বিভিন্ন বাজার পরিদর্শন করে ঝুকিপূর্ণ খাদ্য তালিকা তৈরি করা হয়। উক্ত খাদ্য তালিকার মধ্যে হলো শুটকি মাছ, স্থানীয় আচার, জিলাপী, কেক, পাউরুটি, আইসক্রিম ইত্যাদি খাদ্য তালিকাভুক্ত করা হয়।

## জনসচেতনতায় পোস্টার-লিফলেট বিতরণঃ

নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিরাপদ খাদ্য বিষয়ক ৮৫৩০ টি পোস্টার ও ৬৪৬৫ টি লিফলেট বিতরণ করা হয়েছে।

এছাড়া, জেলা কার্যালয়ের ওয়েবসাইট www.bfsa.mymensingh.gov.bd চালু করা, খাদ্য প্রতিষ্ঠান ও খাদ্য কর্মীদের ডাটাবেজ তৈরি, গ্রেডিং কার্যক্রম গৃহীত হয়েছে।

২০/০৯/২০২২

মোঃ আতিকুর রহমান
নিরাপদ খাদ্য অফিসার, ময়মনসিংহ
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার